**পল্লী উন্নয়ন একাডেমী**
**বগুড়া।**

সুত্রঃ পউএ/প্রশাঃ/৯৯/৭৬/৮৬২
তারিখঃ ০৭ আগস্ট, ২০১৯

## নিয়োগ বিজ্ঞপ্তি

পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার নিম্নে বর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

| ক্রঃ নং | পদ ও বেতনক্রম | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | মেডিকেল অফিসার<br>টাঃ ২২০০০-৫৩০৬০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | কোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রী এবং বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর অধীন রেজিস্টার্ড হতে হবে। |
| ২। | সহকারী গ্রন্থাগারিক<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩। | উপ-সহকারী প্রকৌশলী<br>টাঃ ১৬০০০-৩৮৬৪০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | সিভিল-১,<br>ইলেকট্রিক্যাল-১ | কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে সিভিল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪। | পশুপালন সহকারী<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় পাসসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে পশুপালন বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫। | কম্পাউন্ডার<br>টাঃ ১০২০০-২৪৬৮০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে কম্পাউন্ডারশীপে সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬। | রিসার্চ ইনভেষ্টিগেটর<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ৪(চার)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং তথ্য সংগ্রহ ও গবেষণা কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭। | ক্যাফেটেরিয়া সহকারী<br>টাঃ ৯৩০০-২২৪৯০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ২(দুই)টি | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮। | পাওয়ার টিলার ড্রাইভার<br>টাঃ ৮৮০০-২১৩১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং পাওয়ার টিলার ড্রাইভার হিসেবে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে । |
| ৯। | পাম্প ড্রাইভার<br>টাঃ ৮৮০০-২১৩১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং গভীর নলকুপ পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে । |
| ১০। | হোস্টেল এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হোস্টেল এ্যাটেনডেন্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১১। | মালি<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ২(দুই)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং বাগান তদারকি কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১২। | নিরাপত্তা প্রহরী<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ১৩। | মেইনগেট এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ১৪। | পরিচ্ছন্নতা কর্মী<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ৩(তিন)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ (জাত হরিজন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন)। |
| ১৫। | বাবুর্চি সহকারী<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং রন্ধন কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৬। | অফিস সহায়ক<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ৬(ছয়)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং শারীরিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ১৭। | ক্লাসরুম এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৮। | রিক্রিয়েশন সেন্টার এ্যাটেনডেন্ট<br>টাঃ ৮২৫০-২০০১০/- এবং<br>তৎসহ দেয় অন্যান্য ভাতাদি। | ১(এক)টি | অষ্টম শ্রেণি বা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

প্রার্থীদেরকে নিম্নবর্ণিত তথ্যসমূহ উল্লেখপূর্বক মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর বরাবরে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার গত ২৯ ডিসেম্বর ২০১৪ তারিখে স্মারক নং-০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ পরিপত্রে উল্লিখিত চাকরির আবেদনের মডেল ফরম অনুযায়ী আবেদন করতে হবে যা আরডিএ'র ওয়েবসাইট www.rda.gov.bd এ পাওয়া যাবে। আবেদন আগামী ০৫/৯/২০১৯ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে তাঁর কার্যালয়ে পৌঁছাতে হবে। অসম্পূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনা করা হবে না।

শর্তাবলীঃ

(ক) আবেদনকারীকে মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়ার অনুকূলে পরীক্ষার ফি বাবদ ১নং ক্রমিকের পদের জন্য ২০০/- (দুইশত) টাকার, ২ থেকে ৭নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকার এবং ৮ থেকে ১৮নং ক্রমিকের পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকার পোষ্টাল অর্ডার (অফেরৎযোগ্য) সংযুক্ত করতে হবে।

(খ) খামের উপর পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে। স্বাক্ষর বিহীন ও অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(গ) আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি (পার্শ্ব ছবি গ্রহণযোগ্য হবে না) ও পোষ্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের সাথে কোন সনদপত্র সংযোজনের প্রয়োজন নেই। তবে মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের এক সেট সত্যায়িত ফটোকপিসহ মূল কপি আনতে হবে।

(ঘ) আবেদনকারীর বয়স ০৫/৯/২০১৯ তারিখে নূন্যতম ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(ঙ) ৪ থেকে ১৮নং ক্রমিকের পদের প্রার্থী নির্বাচনকালে সরকারের প্রচলিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

(চ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রার্থীকে তার পিতা/মাতা/দাদা-দাদি/নানা-নানীর মুক্তিযোদ্ধা প্রমাণের জন্য মুক্তিযোদ্ধা সনদ পত্রের অনুলিপি, গেজেটের সংশ্লিষ্টাংশের ফটোকপি ও মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/উপযুক্ত সনদসহ পিতা/মাতার জাতীয় পরিচয় পত্রের কপি ১ম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

(ছ) সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ নিজ প্রতিষ্ঠানের অনাপত্তি সনদের মূল কপি অবশ্যই দাখিল করতে হবে।

(জ) লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঝ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা রাখেন।

(ঞ) এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(ট) নিয়োগের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

-স্বাঃ-
(মোঃ আমিনুল ইসলাম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পল্লী উন্নয়ন একাডেমী
বগুড়া।